

# 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫২২

১৭/ কুরবানী (ﷺ عن رسول الله عن کتاب الأضاحی عن رسول الله )
পরিচ্ছেদঃ ২৩. (শিশুর জন্মের সপ্তম, চতুর্দশ বা একবিংশ দিনে আকীকা করা)

باب مِنَ الْعَقِيقَةِ

### আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ إِسْمَاعِيلَ بْنِ مُسْلِمٍ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْغُلاَمُ مُرْتَهَنُ بِعَقِيقَتِهِ يُذْبَحُ عَنْهُ يَوْمَ السَّابِعِ وَيُسَمَّى وَيُحْلَقُ رَأْسُهُ ".

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِي الْخَلاَّلُ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَب، عَنِ النَّبِي صلى الله عليه وسلم نَحْوَهُ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ يَسْتَحِبُّونَ أَنْ يُذَبَحَ عَنِ الْغُلامِ الْعَلْمِ الْعَقِيقَةُ يَوْمَ السَّابِعِ فَإِنْ لَمْ يَتَهَيَّأُ يَوْمَ السَّابِعِ فَيَوْمَ الرَّابِعِ عَشَرَ فَإِنْ لَمْ يَتَهَيَّأُ يُونَ الْعَقِيقَةِ مِنَ الشَّاةِ إِلاَّ مَا يُجْزِئُ فِي الْعُقِيقَةِ مِنَ الشَّاةِ إِلاَّ مَا يُجْزِئُ فِي الْمُعَيِعَةِ مِنَ الشَّامِ الْمُعْقِيقَةِ مِنَ الشَّامِ الْمَالِيَا مَا يُجْزِئُ أَيْتُهَا عُنْ مَا لَاسَابِعِ فَيَالُوا لاَ يُجْزِئُ فِي الْعَقِيقَةِ مِنَ الشَّامِ إِلاَّ مَا يُجْزِئُ أَلَهِ الْمُعَلِيةِ لَيْ الْمُعْمِيقَةِ مِنَ السَّامِ الْمُعَلِيقَةِ مِنَ السَّامِ الْمُسَامِ الْمُ الْمُعْتِيقَةِ مِنَ السَّامِ الْمُ الْمُعْمِلِيقَ الْمُعْمِلِي الْمُ الْمُعْمَالِي الْمُعْمِلِيقِ الْمُ الْمُعْمِلِيقُ الْمُعُولِي الْمُ الْمُعْمِلُولُ الْمُؤْمِلُ السَّامِ الْمُؤْمِلِي الْمِلْمُ الْمُؤْمِلُ الْمُعْمِلِي الْمِلْمُ الْمُؤْمِلُ الْمُؤْمِلُولُ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِلُ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمِلْمَا الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُؤْمِ الْمُو

#### বাংলা

১৫২২। সামুরা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সকল শিশুই তার আকীকার সাথে বন্ধক (দায়বদ্ধ) অবস্থায় থাকে। জনুগ্রহণ করার সপ্তম দিনে তার পক্ষে যবেহ করতে হবে, তার নাম রাখতে হবে এবং তার মাথা নেড়া করতে হবে।

সহীহ, ইবনু মা-জাহ (৩১৬৫)

আল-হাসান ইবনু আলী আল-খাল্লাল-ইয়াজীদ ইবনু হারুন হতে, তিনি সাঈদ ইবনু আবূ আরুবা হতে, তিনি কাতাদা হতে, তিনি আল-হাসান হতে, তিনি সামুরা ইবনু জুনদাব (রাঃ) হতে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সূত্রেও উপরে বর্ণিত হাদীসের মতো বর্ণিত হয়েছে। এ হাদীসটিকে আবূ ঈসা হাসান সহীহ বলেছেন।



এ হাদীস মোতাবিক অভিজ্ঞ আলিমগণ আমল করেছেন। তারা মনে করেন শিশু জন্মগ্রহণ করার সপ্তম দিনে তার পক্ষে আকীকা করাটা মুস্তাহাব, সপ্তম দিনে অক্ষম হলে চৌদতম দিনে এবং সেই তারিখেও অক্ষম হলে একুশতম দিনে। তারা আরো বলেন, যে ধরনের বকরী কুরবানীর জন্য বৈধ সেই ধরনের বকরী আকীকার জন্যও বৈধ।

## **English**

#### Narrated Samurah:

That the Messenger of Allah (ﷺ) said: "The boy is mortgaged by his 'Aqiqah; slaughtering should be done for him on the seventh day, he should be given a name, and his head should be shaved."

Another chain with similar meaning.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন